

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ২য় ব্লক (২য় তলা), ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dia.gov.bd

স্মারক নম্বর: ৩৭.১৯.০০০০.০৬১.১৬.০২২.১২-১৬১

তারিখ: ২৯/০৩/২০২৬ খ্রি.

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানের পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশিট জবাব সরাসরি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণ।

সূত্র: ১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নম্বর ৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০৫.২৫.৪৭ তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নম্বর ৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০৫.২৫.৮৬ তারিখ: ১২ মার্চ ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠানের পরিদর্শন ও নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তিতে দীর্ঘসূত্রিতা হ্রাসের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এখন থেকে এ অধিদপ্তর হতে প্রেরিত শিক্ষা প্রতিষ্ঠানের পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের আপত্তিসমূহের ব্রডশিট জবাব (প্রমাণকসহ) প্রতিবেদন প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে সংযুক্ত ছকে সরাসরি পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক (২য় তলা), ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০ ঠিকানায় প্রেরণ করতে হবে। ব্রডশিট জবাবের সফট কপি (MS Word File) ই-মেইলে (bsr@dia.gov.bd) প্রেরণ করতে হবে। উপযুক্ত/গ্রহণযোগ্য ব্রডশিট জবাব প্রাপ্তি সাপেক্ষে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে আপত্তিসমূহ নিষ্পত্তি করা হবে। যে সকল আপত্তিসমূহের গ্রহণযোগ্য জবাব পাওয়া যাবে না কিংবা যে সকল আপত্তিসমূহ (গুরুতর অনিয়মসমূহ) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে নিষ্পত্তি করা সম্ভব নয় সে সকল আপত্তিসমূহ নিষ্পত্তি/চূড়ান্ত সিদ্ধান্তের জন্য প্রয়োজ্যক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে;

২। এ অধিদপ্তর হতে ইতোমধ্যে যে সকল পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ করা হয়েছে কিন্তু শিক্ষা প্রতিষ্ঠান হতে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়নি অথবা ব্রডশিট জবাবের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয় হতে নিষ্পত্তি করা হয়নি অথবা জেলা শিক্ষা অফিস/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তরে পেন্ডিং রয়েছে সে সকল প্রতিবেদনের ব্রডশিট জবাব (প্রমাণকসহ) আগামী ১৫/০৪/২০২৬ তারিখের মধ্যে সংযুক্ত ছকে সরাসরি পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক (২য় তলা), ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০ ঠিকানায় প্রেরণ করতে হবে। ব্রডশিট জবাবের সফট কপি (MS Word File) ই-মেইলে (bsr@dia.gov.bd) প্রেরণ করতে হবে; এবং

৩। নির্ধারিত সময়ের মধ্যে ব্রডশিট জবাব এ অধিদপ্তরে প্রেরণ করা না হলে সংশ্লিষ্ট প্রতিবেদনে বর্ণিত আপত্তির বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানের কোন বক্তব্য নাই এবং আপত্তি সঠিক মর্মে গণ্য করে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য মন্ত্রণালয়ে প্রেরণসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হবে।

সংযুক্তি: নির্ধারিত নমুনা ছক ০১ (এক) পাতা।

১৭.০৩.২৬
(প্রফেসর এম.এম.সহিদুল ইসলাম)
পরিচালক
ফোন: ০২-৪১০৫৩৩৪৭
director@dia.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট (সকল)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা-১০০০;
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্ল গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা-১২১৭;
৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭;
৬. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর;
৭. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বাড়ি নং-১২৪/৯০/০৩, ব্লক-বি, রোড নং-০২, পশ্চিম ধানমন্ডি মেইন রোড, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১;
৮. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
৯. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা;
১০. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা;
১১. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল,
১২. উপ পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগীয় শাখা, এ অধিদপ্তর;
১৩. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল), (তৌর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ);
১৪. সকল কর্মকর্তা, এ অধিদপ্তর;
১৫. সুপারিনটেনডেন্ট, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগীয় শাখা, এ অধিদপ্তর;
১৬. জনাব মোঃ আবু সুফিয়ান, সুপারিনটেনডেন্ট, ঢাকা বিভাগীয় শাখা, এ অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৭. পরিচালকের ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর; এবং
১৮. যুগ্ম-পরিচালকের ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।

#২৭.০৩.২৬

(প্রফেসর এম.এম সহিদুল ইসলাম)

পরিচালক

ফোন: ০২-৪১০৫৩৩৪৭

director@dia.gov.bd

শিক্ষা মন্ত্রণালয়ের ০১/০২/২০২৬ তারিখের নং ৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০৫.২৫.৪৭ সংখ্যক স্মারক মোতাবেক পত্রজারীর ১৫ কার্যদিবসের মধ্যে পরিদর্শন ও নিরীক্ষার আপত্তিসমূহের জবাব সফট কপিসহ এবং জবাবের সপক্ষে রেকর্ড পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরে দাখিল করতে হবে।

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:
পরিদর্শন তারিখ:.....

পরিদর্শন ও নিরীক্ষার আপত্তিসমূহের ব্রডশীট জবাব

ক্রমিক	পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের আপত্তিসমূহ	সংশ্লিষ্ট শিক্ষকের জবাব (প্রযোজ্য ক্ষেত্রে)	প্রতিষ্ঠান প্রধানের জবাব	পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের মন্তব্য	মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত
১	২	৩	৪	৫	৬

সংশ্লিষ্ট শিক্ষকের স্বাক্ষর

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

পরিচালকের স্বাক্ষর

